

মনোবিজ্ঞান বিভাগে 'দুই বাংলার সাহিত্য মনস্তত্ত্ব' শীর্ষক সেমিনার
অনুষ্ঠিত



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের হেকেপ প্রজেক্টের আওতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের সাব প্রজেক্টের অধীনে 'দুই বাংলার সাহিত্য মনস্তত্ত্ব' শীর্ষক সেমিনার ২৯ জুলাই-২০১৮, রবিবার বিভাগের সিগমুন্ড ফ্রয়েড কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ভারতের কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের (অব:) অধ্যাপক মালয় চন্দন মুখোপাধ্যায়। সাব-প্রজেক্টের ম্যানেজার এবং মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অশোক কুমার সাহার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে হেকেপ প্রজেক্টের প্রকল্প পরিচালক ড. গৌরাঙ্গ চন্দ্র মোহান্ত এবং বিশেষ অতিথি হিসেবে লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন উপস্থিত ছিলেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন সাব-প্রজেক্টের ডেপুটি ম্যানেজার ও মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. নূর মোহাম্মাদ। সেমিনারে মনোবিজ্ঞান বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

এদিকে, সেমিনার শেষে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের (অব:) অধ্যাপক মালয় চন্দন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর তাঁর কার্যালয়ের সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অশোক কুমার সাহা উপস্থিত ছিলেন।